

রিসেপশনের প্রস্তুতি

আপনার সন্তানের স্কুলের যাত্রা শুরু হয় বাড়ি থেকে

আমরা জানি যে প্রতিটি শিশুর বিকাশের গতি আলাদা, আর জন্মের পর থেকে আমরা সকলেই শিখতে শুরু করি। যখন স্কুলে যাওয়ার সময় আসে, তখন কিছু শিশুর অন্যদের তুলনায় বেশি সাহায্যের প্রয়োজন হয়।

স্কুলগুলির তরফে থেকে এমন বেশ কিছু মূল দক্ষতা* রয়েছে যেগুলি শিশুরা যেন প্রথম দিন স্কুলে আসার আগে শিখে আসে এমন প্রত্যাশা রাখে। এগুলি অভ্যাস করলে আপনার সন্তানের রিসেপশন ক্লাস শুরু করা যত বেশি সম্ভব ইতিবাচক হয়ে উঠবে।

আপনার সন্তানের আত্মবিশ্বাস ও স্বনির্ভরতা বাড়িয়ে তুলতে আপনি বাড়িতেই অনেক কিছু করতে পারেন যা তাকে মানসিকভাবে ও কার্যকরীভাবে স্কুল শুরুর জন্য প্রস্তুত করে তুলবে।

*আমরা এই নথিকে 'রিসেপশনের প্রস্তুতি'-এর ব্যাখ্যা বলে উল্লেখ করছি। কিছু ব্যক্তি/প্রতিষ্ঠান এটিকে 'স্কুলের প্রস্তুতি'-ও বলে থাকেন।



আমি কীভাবে আমার সন্তানকে প্রস্তুত হতে সাহায্য করতে পারি?

- স্কুলে যাওয়া শুরু করলে আপনার সন্তান অনেক নতুন ধরনের কার্যকলাপে যুক্ত হবে এবং এর পাশাপাশি তাকে নতুন রুটিনের সাথেও মানিয়ে নিতে হবে। বেশ কিছু বিষয় রয়েছে যেগুলি তাকে আগের থেকে আরও বেশি স্বনির্ভরভাবে করতে হবে।
- গবেষণায় দেখা গেছে যে, কোনো শিশুর বিকাশে সবথেকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে পিতামাতার সাথে তার সম্পর্ক এবং এমন অনেক কিছু রয়েছে যা আপনি বাড়িতেই করতে পারেন।
- আপনার সন্তান আপনার সঙ্গে বা অন্য কোনো পরিচর্যািকারীর সঙ্গে বাড়িতে থাকাকালীন পুরো পরিবার মিলে বিভিন্ন মজাদার কার্যকলাপের মাধ্যমে এই দক্ষতাগুলি অভ্যাস করতে পারেন (এই নথির শেষে আমরা কিছু লিঙ্ক দেওয়া হয়েছে)।
- এই দক্ষতাগুলির কয়েকটি আয়ত্ত করতে সময় লাগে, তাই সেগুলি ধাপে ধাপে প্রতিদিনের রুটিনের অংশ করে তোলার মাধ্যমে শেখাতে হবে।



আরও জানুন

আপনার সন্তানকে কীভাবে রিসেপশনের জন্য প্রস্তুত করে তুলতে সহায়তা করবেন সেই সম্পর্কিত আরও তথ্য এবং অতিরিক্ত চাহিদা-সম্পন্ন শিশুদের কীভাবে সহায়তা করবেন সেই সম্পর্কিত তথ্যের জন্য QR কোডটি স্ক্যান করুন অথবা এই ওয়েবসাইটে যান:

<https://startingreception.co.uk>